

টোকিও, ১০ জানুয়ারি ২০২৪

টোকিওতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপিত

টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে উদযাপন করেছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। এ উপলক্ষে দূতাবাসে আজ সকালে (১০ জানুয়ারি ২০২৪, বুধবার) এক আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদের নেতৃত্বে দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীরা জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় বঙ্গবন্ধু ও ১৯৭৫ এর ১৫ আগস্টের শহিদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে জাতির পিতা ও তাঁর পরিবারের শহিদ সদস্যদের আত্মার শান্তি ও মাগফিরাত কামনা এবং দেশ ও জাতির কল্যাণে বিশেষ মোনাজাত করা হয়।

এরপর বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়।

আলোচনা পর্বে রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ বাঙালির স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান শ্রদ্ধার সাথে স্মরণ করেন। রাষ্ট্রদূত বলেন, জাতির পিতার নেতৃত্বে দীর্ঘ আন্দোলন ও রক্তক্ষয়ী মুক্তিসংগ্রামের মধ্যদিয়েই বাংলাদেশ রাষ্ট্রের জন্ম হয়। তিনি বলেন, ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয় অর্জিত হলেও প্রকৃতপক্ষে ১৯৭২ সালের ১০ জানুয়ারি জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়েই বাঙালির এ বিজয় পূর্ণতা লাভ করে।

তিনি বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ সম্পাদনের মাধ্যমে দেশকে উন্নতি ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০৪১ বাস্তবায়নে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

আলোচনা সভার পরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের উপর একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

Tokyo, 10 January 2024

Bangabandhu Sheikh Mujibur Rahman's Homecoming Day is celebrated in Tokyo

Bangladesh Embassy in Tokyo celebrated the Homecoming Day of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman with due fervor and solemnity. On this occasion, a discussion meeting was organized at the embassy this morning (January 10, 2024, Wednesday).

At the beginning of the program the Embassy officials led by Ambassador Shahabuddin Ahmed laid floral wreaths on the portrait of Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman. A minute's silence was observed in the memory of Bangabandhu and the martyrs of August 15, 1975. Later, a special prayer was offered for the peace and forgiveness of the souls of the Father of the Nation and the martyred members of his family, and for the welfare of the country and the nation.

Then the message given by the President and the Prime Minister on Bangabandhu's Homecoming Day was read out.

During the discussion, Ambassador Shahabuddin Ahmad humbly recalled the contribution of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman in the history of Bangalee's struggle for freedom. He said that Bangladesh was born through the long movement and bloody liberation war led by the Father of the Nation. The ambassador said that although the final victory was achieved on December 16, 1971, but Bangalee's victory was completed only after the return of the Father of the Nation on January 10, 1972.

He called upon all to work towards the implementation of Vision 2041 announced by the Prime Minister to take the country forward the path of progress and prosperity by completing the unfinished work of Bangabandhu.

A documentary on Bangabandhu's homecoming was screened after the discussion.